দৈনিক জনকণ্ঠ

NOV. 18 2001

তারিখ ........

পৃষ্ঠা ৬ ... কলাম ৫

# বেসরকারী শিক্ষক-কর্মচারীর বেতনের এক শ' ভাগ সরকারী কোষাগার থেকে প্রদানের অনুরোধ

**স্টাফ রিপোর্টার॥** রাষ্ট্রীয় কোষাগার থেকে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতার শতকরা এক শ' ভাগ প্রদান করে নির্বাচনী অঙ্গীকার পূরণের জন্য শিক্ষক-কর্মচারী ঐক্যজোট সরকারের প্রতি অনুরোধ জানিয়েছে। শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের বর্তমান কমিটিকে অবৈধ ও পক্ষপাতদুষ্ট আখ্যা দিয়ে জোট নেতৃবৃন্দ অবিলম্বে এই কমিটি বাতিলের দাবি জানান। তাঁরা শিক্ষক সমাজের প্রতিনিধিত্বকারী এবং নিরপেক্ষ ব্যক্তিদের সমন্বয়ে নতুন কমিটি গঠনের দাবি তুলেছেন। শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে এসব দাবির পাশাপাশি বেসরকারী দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকদের জাতীয় বিশ্ববিদ্যালয়সহ শিক্ষা বোর্ড ও শিক্ষা বিভাগের বিভিন্ন পদে ডেপুটেশনে বা লিয়েনে নিয়োগের যৌক্তিকতা তুলে ধরা হয়। জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এই সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের যুগ্ম আহবায়ক অধ্যক্ষ মাজহারুল হান্নান। সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন জোটের প্রধান সমন্বয়কারী প্রফেসর এম. শরীফুল ইসলাম। উপস্থিত ছিলেন জোটের সমন্বয়কারী মোঃ সেলিম ভূঁইয়া, মাওলানা এমএ লতিফ, মোঃ শফিকুল আলম, অধ্যক্ষ ইসহাক হোসেন, মুহাম্মদ লিয়াকত আলী, অধ্যক্ষ চৌধুরী শাহীদ হোসেন প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, দেশের সামগ্রিক শিক্ষাব্যবস্থায় ধস নেমেছে, যা কাম্য নয়। সন্ত্রাস ও নকলমুক্ত শিক্ষাঙ্গন এবং দুর্নীতিমুক্ত দেশ গড়তে চারদলীয় জোটনেত্রী বেগম খালেদা জিয়া সরকারকে সর্বাধিক গুরুত্ব দেয়ার অনুরোধ করা হয়। জাতীয় শিক্ষা সার্ভিস কমিশন গঠনের সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করে মেধাবী ছাত্রদের যোগ্যতার মাপকাঠিতে বিচার করে শিক্ষকতা পেশায় নিয়োগ দেয়ার আহবান জানানো হয়। অন্যান্য দাবির মধ্যে রয়েছে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের চাকরিবিধি প্রণয়ন, পেনশনের বিকল্প হিসাবে অবসর ভাতা প্রদান, মাসের প্রথম সপ্তাহে বেতনভাতা প্রদান, পরীক্ষায় দুর্নীতি নির্মূল, নতুন জাতীয় বেতন স্কেলে বার্ষিক ইনক্রিমেন্ট ও মেডিক্যাল ভাতা প্রদান প্রভৃতি।